



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর  
১ কারওয়ান বাজার (চিসিবি ভবন-৮ম তলা), ঢাকা  
[www.dncrp.gov.bd](http://www.dncrp.gov.bd)

প্রেস বিজ্ঞপ্তি  
২২ ফেব্রুয়ারি ২০২৫

বিষয়ঃ ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দের সাথে অনুষ্ঠিত ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ বিষয়ক সেমিনার।

আজ ২২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ সকাল ১০.০০ টায় ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ইন্টারন্যাশনাল কনফারেন্স হলে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দের সাথে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ বিষয়ক একটি সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) জনাব মোহাম্মদ আলিম আখতার খান।

সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব আব্দুল জলিল, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ব্যবসায় প্রশাসন বিভাগের সহযোগী অধ্যাপক ড. সৈয়দ মিজানুর রহমান।

বর্ণিত সেমিনারে সভাপতিত্ব করেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ব্যবসা ও উদ্যোগ অনুষদের ডিন প্রফেসর ড. মোহাম্মদ মাসুম ইকবাল।

এছাড়াও সেমিনারে উপস্থিত ছিলেন অধিদপ্তরের প্রধান কার্যালয়, ঢাকা বিভাগীয় কার্যালয় ও ঢাকা জেলা কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

স্বাগত বক্তব্যে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ব্যবসায় প্রশাসন বিভাগের সহযোগী অধ্যাপক ড. সৈয়দ মিজানুর রহমান সেমিনারে উপস্থিত স্বাইকে স্বাগত জানান। তিনি বলেন, অধিকার আদায়ের জন্য যৌক্তিকভাবে ভয়েস রেইজ করতে হবে। তিনি উপস্থাপনাসহ সেমিনারের আলোচনা মনোযোগ সহকারে শুনতে শিক্ষার্থীদের অনুরোধ জানান। পরিশেষে তিনি সেমিনারের সাফল্য কামনা করে তাঁর বক্তৃব্য শেষ করেন।

ভোক্তা-অধিকার সংরক্ষণ আইনটি ভোক্তা-অধিকার সংরক্ষণে যেভাবে ভূমিকা পালন করছে সে বিষয়ে একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন অধিদপ্তরের প্রধান কার্যালয়ের উপপরিচালক (প্রশিক্ষণ ও প্রচার) জনাব আফরোজা রহমান।

অতঃপর ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সাম্প্রতিক কার্যক্রম সম্পর্কিত প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়।

বিশেষ অতিথির বক্তব্যে অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব আব্দুল জলিল সেমিনারে উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি বলেন, শিক্ষার্থীদের মাধ্যমে অধিদপ্তরের কার্যক্রমকে সাধারণ মানুষের দোরগোড়ায় পৌছানোর পাশাপাশি ভোক্তা অধিকার রক্ষায় সরকারের কাজে নাগরিকদের সম্পৃক্ত করার লক্ষ্যে এই সেমিনারের আয়োজন করা হয়েছে। তিনি আরও বলেন, শাস্তি দিয়ে ভোক্তা অধিকার সংরক্ষণ সম্ভব নয়, এটি নিশ্চিতে স্বাইকে সচেতন হতে হবে।

মহাপরিচালক আলোচনার শুরুতেই এই সেমিনারের মাধ্যমে শিক্ষক-শিক্ষার্থীবৃন্দকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ বিষয়ে সচেতন করার বিষয়ে সহযোগিতা প্রদানের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি বর্তমান সমাজে বিদ্যমান ভোক্তা-অধিকার বিরোধী কাজের স্বরূপ তুলে ধরে তা প্রতিরোধে অধিদপ্তরের গৃহীত কার্যক্রম সম্পর্কে সকলকে অবগত করেন। মহাপরিচালক বলেন, আমরা প্রতিনিয়ত ভোক্তা-অধিকার সংরক্ষণে কাজ করে যাচ্ছি কিন্তু এই ক্ষেত্রে সফল হতে হলে প্রয়োজন ভোক্তাদের সচেতনতা। এই সচেতনতার অংশ হিসেবে আয়োজন করা হয়েছে এই সেমিনার।

তিনি সেমিনারে শিক্ষার্থীদেরকে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের জন্য অধিদপ্তরের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি বলেন, সকলের সম্মিলিত প্রচেষ্টায় ভোক্তাবাদৰ সুস্থ সমাজ গঠিত হবে মর্মে আশাবাদ ব্যক্ত করে তিনি তাঁর বক্তৃত্ব শেষ করেন।

মুক্ত আলোচনায় অধিদপ্তরের মহাপরিচালক অংশগ্রহণকারীবৃন্দের ভোক্তা -অধিকার আইন সম্পর্কে বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদান করেন।

আলোচনা শেষে মহাপরিচালক শিক্ষার্থীবৃন্দকে ভোক্তা-অধিকার সম্পর্কে সচেতন হয়ে ভোক্তা-অধিকার সংরক্ষণে তথা অধিকার আদায়ে সোচ্চার হতে আহ্বান জানান।

অতঃপর সেমিনারে উপস্থিত শিক্ষার্থীদের মাঝে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর উপর কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয় এবং কুইজে বিজয়ীদের পুরস্কার প্রদান করা হয়।

পরিশেষে সেমিনারের সভাপতি ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ব্যবসা ও উদ্যোক্তা অনুষদের ডিন ড. মোহাম্মদ মাসুম ইকবাল সেমিনারে উপস্থিত শিক্ষার্থীসহ আয়োজক সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি সকলের সমন্বিত কাজ করার মাধ্যমে ভোক্তা অধিকার সংরক্ষণ সহজ হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন এবং সেমিনারে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সেমিনারের সমাপ্তি ঘোষণা করেন।

এছাড়াও সেমিনারের পূর্বে আজ সকাল ৯.৩০ মিনিটে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয় চতুরে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ বিষয়ে সচেতনতামূলক র্যালি অনুষ্ঠিত হয়।

ধন্যবাদান্তে

আফরোজা রহমান

উপপরিচালক (প্রশিক্ষণ ও প্রচার)

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।